



### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতি ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য জানানো যাচ্ছে যে, দাগনভূঞা উপজেলায় গত কয়েকদিনে করোনা ভাইরাস সংক্রমণে আক্রান্ত রোগীর সংখ্যা পরীক্ষান্তে বৃদ্ধি পেয়েছে। ফেনী জেলার অন্যান্য উপজেলার মধ্যে দাগনভূঞা করোনা রোগী বেশি সনাক্ত হওয়ায় করোনা রেসপন্স টিমের সিদ্ধান্তক্রমে নিম্নোক্ত বিষয়ে গুরুত্বারোপ করা হয় :

১. কঠোর স্বাস্থ্যবিধি মেনে সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৪.০০ টা পর্যন্ত দোকান (ঔষধের দোকান ব্যতিত) খোলা রাখতে পারবে, ক্রেতাগণ মাস্ক বা সুরক্ষা সামগ্রী ব্যবহার না করলে লেনদেন বর্জন করতে হবে।
২. ঘরের বাইরে বের হওয়ার পূর্বে প্রত্যেক ব্যক্তিকেই বাধ্যতামূলকভাবে মাস্ক ব্যবহার করতে হবে।
৩. পার্শ্ববর্তী উপজেলার সাথে সীমান্ত যোগাযোগ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে। তবে দূরপাল্লার গাড়ি বা মালবাহী গাড়ি নিয়ম মেনে চলাচল করতে পারবে।
৪. সিএনজিতে ০২ (দুই) জনের বেশি যাত্রী বহন করা যাবে না। অবশ্যই যাত্রী ও চালক সুরক্ষা সামগ্রীর ব্যবহার করতে হবে।
৫. রিক্সা ও মোটর সাইকেলে ০১ (এক) জনের অতিরিক্ত যাত্রী চলাচল করা যাবে না।
৬. পাবলিক বাস/অন্যান্য যানবাহনে প্রতি সিটে ০১ (এক) জনের বেশি (ধারণ ক্ষমতার অর্ধেকের বেশি) যাত্রী বহন করতে পারবে না এবং সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ার অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না।
৭. শিক্ষা প্রতিষ্ঠানসমূহ জরুরী প্রয়োজনে খোলা থাকলেও ছাত্র/ছাত্রী সরকারী নির্দেশনা ছাড়া স্কুলে প্রবেশ করতে পারবে না।
৮. সকল অফিসসমূহ সর্বশেষ জারীকৃত স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করতে পারবে।

(মোঃ রবিউল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

দাগনভূঞা, ফেনী

০৩৩২৩-৭৯০০৯

০১৭১৩-১৮৭৩৭৮

[unodaganbhuiyan@mopa.gov.bd](mailto:unodaganbhuiyan@mopa.gov.bd)

স্মারক নং- ০৫.২০.৩০২৫.০০০.২২.০০১.২০২০- ৪৬৭

তারিখ ১৮ জৈষ্ঠ্য ১৪২৭ বঙ্গাব্দ  
০২ মে ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো :

১. জেলা প্রশাসক, ফেনী।
২. চেয়ারম্যান উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
৩. মেয়র, দাগনভূঞা পৌরসভা, দাগনভূঞা, ফেনী।
৪. সহকারী কমিশনার (ভূমি), দাগনভূঞা, ফেনী।
৫. অফিসার ইনচার্জ, দাগনভূঞা থানা, দাগনভূঞা, ফেনী।
৬. উপজেলা ..... অফিসার, দাগনভূঞা, ফেনী।
৭. চেয়ারম্যান, ..... ইউনিয়ন (সকল), দাগনভূঞা, ফেনী।
৮. সভাপতি/সম্পাদক ..... দাগনভূঞা, ফেনী।
৯. জনাব ..... দাগনভূঞা, ফেনী।
১০. অফিস।

উপজেলা নির্বাহী অফিসার  
দাগনভূঞা, ফেনী